অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ফেডারেল অর্থায়নে 7.4 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন স্থানীয় জরুরীকালীন পরিকল্পনা এবং প্রতিক্রিয়া প্রচেষ্টায় সহায়তা করার জন্য

জরুরী পরিকল্পনা প্রচেষ্টা এবং পরিচালনার প্রস্তুতি সহ নিউ ইয়র্কের কাউন্টিগুলিকে সহায়তা করার জন্য অর্থায়ন

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি জরুরী ব্যবস্থাপনা সংস্থার জন্য 7.4 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল উপলব্ধ যে কোন ধরণের দুর্যোগের জন্য পরিকল্পনা এবং পরিচালনার প্রস্তুতির জন্য। বার্ষিক ফেডারেল এমার্জেন্সি ম্যানেজমেন্ট পারফরমেন্স গ্রান্টের মাধ্যমে, পুরস্কারপ্রাপ্তরা প্রশিক্ষণ এবং ব্যায়ামের উন্নয়ন এবং বাস্তবায়ন থেকে শুরু করে জরুরী প্রতিক্রিয়ার সংস্থান অর্জন পর্যন্ত বিস্তৃত প্রচেষ্টাকে সমর্থন করার জন্য তহবিল অ্যাক্সেস করতে পারে।

এই তহবিলটি নিউ স্টেটের সম্প্রদায়গুলির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যখন আমরা সাম্প্রতিক মাসগুলিতে হওয়া ঝড়-সংক্রান্ত ক্ষতি থেকে আরোগ্যলাভ করছি।" **গভর্নর হোচুল বলেন,** "যখন আমরা জলবায়ু পরিবর্তনের বিধ্বংসী প্রভাবগুলিকে আরো নিয়মিতভাবে মোকাবেলা করতে বাধ্য হচ্ছি, আমি নিশ্চিত যে আমাদের স্থানীয় জরুরি ব্যবস্থাপনার সংস্থাগুলি ভবিষ্যতের দুর্যোগের মোকাবিলা করার প্রস্তুতির জন্য এই অর্থকে ভাল কাজে লাগাবে।"

তহবিল অ্যাক্সেস করার জন্য, স্থানীয় পুরস্কারপ্রাপ্তদের অবশ্যই এমন প্রকল্প বা উদ্যোগ তৈরি করতে হবে যা সমস্ত সম্ভাব্য বিপদ মোকাবেলায় তাদের নিজস্ব প্রস্তুতি এবং প্রতিক্রিয়ার ক্ষমতাকে শক্তিশালী করে। ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) কর্তৃক চিহ্নিত জাতীয় উন্নতির প্রয়োজন হিসেবে চিহ্নিত করা যে কোন প্রচেষ্টাকে প্রকল্পগুলির নজরে আনা উচিত। এর মধ্যে রয়েছে রসদ এবং বিতরণ ব্যবস্থাপনার পরিকল্পনা, স্থানত্যাগের পরিকল্পনা, দুর্যোগকালীন আর্থিক ব্যবস্থাপনা, বিপর্যয়কালীন দুর্যোগ আবাসন এবং স্থিতিস্থাপক যোগাযোগ।

স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসের (State Division of Homeland Security and Emergency Services) নির্বাহী ডেপুটি-কমিশনার টেরেন্স জে. ও'লেয়ারি বলেন, "সাম্প্রতিক বছরগুলিতে, নিউ ইয়র্ক একটি মহামারী এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে সন্ত্রাসবাদী কার্যকলাপের বিস্তৃত পরিসরের সম্মুখীন হয়েছে, যা জরুরি ব্যবস্থাপনা

কর্মীদের জন্য আমাদের সম্প্রদায়কে সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকা অপরিহার্য করে তুলেছে। এই অনুদানগুলি গুরুত্বপূর্ণ অর্থায়ন করবে আমাদের স্থানীয় অংশীদারদের তাদের প্রস্তুতির অবস্থান শক্তিশালী করার জন্য।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজের (New York State Association of Counties, NYSAC) নির্বাহী পরিচালক স্টিফেন জে. অ্যাকুয়ারিও বলেন, "এটি বিশ্বব্যাপী স্বাস্থ্য মহামারী বা মারাত্মক ঝড় এবং প্রাকৃতিক দুর্যোগে সাড়া দেওয়া হোক, কাউন্টি এমার্জেন্সি ম্যানেজমেন্ট একটি ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ কাজ হয়ে উঠেছে। যখন আমাদের সম্প্রদায়ে দুর্যোগ আসে, তখন কাউন্টিগুলি স্থানীয় প্রতিক্রিয়ার সমন্বয়সাধনের জন্য জরুরী পরিচালনার কেন্দ্রগুলিকে প্রস্তুত করে এবং আমাদের বাসিন্দাদের সুরক্ষিত থাকার জন্য প্রয়োজনীয় সহায়তা ও সংস্থান উপলব্ধ থাকে তা নিশ্চিত করে। আমরা গভর্নর হোচুল এবং আমাদের হোমল্যান্ড সিকিউরিটি নেতাদের প্রশংসা করি আমরা যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি সেগুলিকে স্বীকৃতি দেওয়ার জন্য এবং এমন সংস্থান সরবরাহ করার জন্য যা আমাদের জরুরি অবস্থার জন্য আরও ভালোভাবে প্রস্তুত হতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটির জরুরি ব্যবস্থাপনার কমিশনার জন স্ক্রিভানি বলেন, "জরুরি ব্যবস্থাপনা পারফরম্যান্স গ্রান্টের মতো গুরুত্বপূর্ণ তহবিলের অ্যাক্সেস আমাদের নিউ ইয়র্ক সিটিকে নিরাপদ এবং স্থিতিস্থাপক রাখতে দেবে প্রাকৃতিক এবং মানবসৃষ্ট বিপদ বৃদ্ধি এবং বিবর্তিত হওয়ার সাথে সাথে। NYC এমার্জেন্সি ম্যানেজমেন্ট পাঁচটি বোরো জুড়ে প্রতিটি নিউ ইয়র্কবাসীকে এবং প্রতিটি সম্প্রদায়কে সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমরা আমাদের সরকারী অংশীদারদের জরুরী অবস্থার জন্য প্রস্তুত হতে, সাড়া দিতে এবং পুনরুদ্ধারের প্রয়োজনীয়তাকে স্বীকৃতি ও অগ্রাধিকার দেওয়ার জন্য ধন্যবাদ জানাই।"

কংগ্রেস মহিলা গ্রেস মেং বলেন, "নিউ ইয়র্ককে অবশ্যই দুর্যোগের জন্য প্রস্তুত থাকতে হবে এবং আমাদের রাজ্যের অবশ্যই সেগুলির জন্য পরিকল্পনা করার জন্য প্রয়োজনীয় সংস্থান উপলব্ধ থাকতে হবে। জরুরী প্রতিক্রিয়ার প্রস্তুতির এই প্রয়োজনটি গত মাসে যখন আইডার অবশিষ্টাংশের কারণে সৃষ্ট বন্যা আমাদের অঞ্চলে সর্বনাশ সৃষ্টি করেছিল তখন তা চোখের সামনে উঠে এসেছিল। গভর্নর আজ যে 7.4 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল ঘোষণা করছেন তা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য আমাদের প্রচেষ্টায় সাহায্য করবে এবং আমি খুশি যে নিউ ইয়র্ক এই গুরুত্বপূর্ণ অর্থায়ন পাবে। গভর্নর হোচুল এবং নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগকে (Division of Homeland Security and Emergency Services) ধন্যবাদ জানাই আমাদের রাজ্যের আবাসিকদের নিরাপদ রাখার উদ্দেশ্যে কাজ করার জন্য।"

কংগ্রেসম্যান অ্যাড্রিয়ানো এসপাইলাট বলেন, "গত তিন মাস আমাদের দেখিয়েছে যে নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটকে করা আঘাতগুলি কমেনি - বিশেষ করে জলবায়ু সংকটের আলোকে। নিউ ইয়র্কবাসীরা এ কথা জানার যোগ্য যে তাদের রাজ্য এবং স্থানীয় সরকার প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত, তারা আঘাত নরম করতে সক্ষম, এবং নিশ্চিত করতে প্রস্তুত যে নিউ ইয়র্কবাসীরা যে কোনো সংকট থেকে পুরোপুরি পুনর্নির্মাণ করতে পারে - এবং এই অতি

প্রয়োজনীয় তহবিল নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক যে কোনো ধরনের বিপর্যয়ের সম্মুখীন হওয়ার জন্য পরিকল্পনা এবং পরিচালনার জন্য প্রস্তুতির ক্ষমতা নিশ্চিত করবে।"

এই কাঠামোর মধ্যে কাজ করে, এগুলি সমর্থন করতে তহবিল ব্যবহার করা যেতে পারে:

- ব্যবস্থাপনা এবং প্রশাসনের ক্রিয়াকলাপ;
- প্ল্যানিং;
- জরুরি ব্যবস্থাপনা সংস্থার কর্মীর ব্যবস্থা;
- সরঞ্জাম;
- প্রশিক্ষণ এবং অনুশীলন;
- জরুরী পরিচালনা কেন্দ্রের নির্মাণ ও সংস্কার; এবং
- GIS এবং আন্ত:পরিচালনযোগ্য যোগাযোগ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ ও টেকসই

অযোগ্য খরচের মধ্যে আছে:

- অননুমোদনীয় সরঞ্জাম: আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, গ্রেনেড লঞ্চার, বেয়োনেট, বা অস্ত্রায়ন করা বিমান, জলযান, বা যে কোন ধরনের যানবাহন যেখানে অস্ত্র স্থাপন করা আছে।
- ঐতিহ্যবাহী গণ নিরাপত্তা দায়িত্ব পালনের উদ্দেশ্যে বা ঐতিহ্যবাহী গণ নিরাপত্তার পদ ও দায়িত্ব পালনের উদ্দেশ্যে শপথপ্রাপ্ত গণ নিরাপত্তা কর্মকর্তাদের নিয়োগে সহায়তা করার জন্য খরচ।
- এমার্জেন্সি ম্যানেজমেন্ট পারফরমেন্স গ্রান্ট (Emergency Management Performance Grant, EMPG) কর্মসূচির সমাপ্তি এবং বাস্তবায়নের সাথে সম্পর্কহীন ক্রিয়াকলাপ এবং প্রকল্পগুলি।

স্থানীয় জরুরী ব্যবস্থাপনা সংস্থাসমূহের তহবিলের অর্থের পরিমাণ নীচে তালিকাভুক্ত করা হয়েছে:

প্রাপক	মোট পুরস্কৃত
Albany County	$116,055
Allegany County	$22,869
Broome County	$78,233
Cattaraugus County	$34,321
Cayuga County	$34,215
Chautauqua County	$54,250
Chemung County	$37,429
Chenango County	$23,428
Clinton County	$34,982
Columbia County	$28,034
Cortland County	$23,011
Delaware County	$22,516

Dutchess County	$113,604
Erie County	$340,513
Essex County	$19,373
Franklin County	$23,837
Fulton County	$25,273
Genesee County	$26,933
Greene County	$22,969
Hamilton County	$6,765
Herkimer County	$28,554
Jefferson County	$47,432
Lewis County	$14,889
Livingston County	$28,873
Madison County	$31,811
Monroe County	$276,737
Montgomery County	$23,333
Nassau County	$494,021
City of New York	$2,989,486
Niagara County	$84,026
Oneida County	$90,747
Onondaga County	$175,497
Ontario County	$44,402
Orange County	$141,102
Orleans County	$20,655
Oswego County	$49,578
Otsego County	$27,729
Putnam County	$41,401
Rensselaer County	$63,203
Rockland County	$118,787
Saratoga County	$85,172
Schenectady County	$61,486
Schoharie County	$16,956
Schuyler County	$11,696
Seneca County	$17,869
St. Lawrence County	$45,867
Steuben County	$41,138
Suffolk County	$550,175
Sullivan County	$33,310

Tioga County	$23,664
Tompkins County	$42,078
Ulster County	$71,622
Warren County	$28,988
Washington County	$28,078
Wayne County	$39,233
Westchester County	$351,492
Wyoming County	$20,389
Yates County	$14,254
মোট	**$7,364,340**

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) হয়ে এই তহবিল প্রদান করবে। DHSES প্রতিটি অধিক্ষেত্রের জরুরীকালীন ব্যবস্থাপনার অফিসের সাথে যোগাযোগ রাখবে এই তহবিলগুলি যত দ্রুত সম্ভব উপলব্ধ করা যায় তা নিশ্চিত করার জন্য।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, বিপদ, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ করতে, এগুলোর বিরুদ্ধে সুরক্ষার জন্য, এগুলোর প্রতি সাড়া প্রদান করতে, এবং এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES Facebook পেজ এ যান, @NYSDHSES-কে Twitter-এ বা Instagram-এ অনুসরণ করুন, বা dhses.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418